**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**
**নোয়াখালী-৩৮১৪**

নোবিপ্রবি/রেজি/সং/কনি/১৮২/২০২৫/১২৩১৭ ২৫ সেপ্টেম্বর ২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্রম | পদের নাম ও বেতন কাঠামো (জাতীয় বেতন কাঠামো ২০১৫) | শূন্য পদ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **প্রকাশনা ও তথ্য অফিসার** (গ্রেড-৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫) জনসংযোগ ও প্রকাশনা দপ্তর | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৫০ থাকতে হবে। এইচএসসি ও এসএসসি উভয় ক্ষেত্রে ১ম শ্রেণি/জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** গণযোগাযোগ ও সাংবাদিকতা/ সাংবাদিকতা/ প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ/ আইন ও সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত গণমাধ্যম/ প্রকাশনা/ অন্যান্য প্রতিষ্ঠানে সাংবাদিকতা/প্রকাশনা কর্মকর্তা/ তথ্য কর্মকর্তা পদে ন্যূনতম ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং অন্যান্য বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত গণমাধ্যম/প্রকাশনা/অন্যান্য প্রতিষ্ঠানে সাংবাদিকতা/প্রকাশনা কর্মকর্তা/তথ্য কর্মকর্তা পদে ন্যূনতম ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গণযোগাযোগ ও সাংবাদিকতা/সাংবাদিকতা/প্রিন্টিং এন্ড পাবলিকেশন/আইন ও সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০২ | **নিরাপত্তা সুপারভাইজার/ নিরাপত্তা পরিদর্শক** (গ্রেড-১৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১১,০০০-২৬,৫৯০) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৫০সহ স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে ১ম বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে। অথবা সার্জেন্ট/সমমানের নিম্নে নহে এমন প্রাক্তন সামরিক, পুলিশ বা আনসার বাহিনীর সদস্য।<br>**অভিজ্ঞতা:** কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। তবে প্রাক্তন সামরিক, পুলিশ বা আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০৩ | **পরিচ্ছন্নতা কর্মী সুপারভাইজার** (গ্রেড-১৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১১,০০০-২৬,৫৯০) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৫০ সহ স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** কোন স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ০২ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৪ | **সুপারভাইজার (পরিবহন পুল)** (গ্রেড-১৩, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ১১,০০০-২৬,৫৯০) (পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৫০ সহ স্নাতক ডিগ্রি। এসএসসি ও এইচএসসিতে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** কোন স্বীকৃত প্রতিষ্ঠানে পরিবহন পরিচালনা সংক্রান্ত সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **মেকানিক (পরিবহন)**<br>(গ্রেড-১৬, স্কেল: ৯,৩০০-২২,৪৯০)<br>পরিবহন পুল | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে ১ম বিভাগ/জিপিএ-৩.০০ সহ ন্যূনতম এইচএসসি (বিজ্ঞান) পাশ। সংশ্লিষ্ট কাজে অবশ্যই ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/ বিশ্ববিদ্যালয়ে/ প্রথিতযশা বেসরকারি প্রতিষ্ঠানে পরিবহন সংশ্লিষ্ট কাজে সুপার ভাইজার/টেকনিশিয়ান/মেকানিক/হেভি গাড়ির ড্রাইভার হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দে□□□ □□□□ বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল যোগ্য। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৬ | **ল্যাব এটেনডেন্ট**<br>(গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,৮০০-২১,৩১০) | ০৩ | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি ও এইচএসসিতে বিজ্ঞান বিভাগে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে। কম্পিউটার হার্ডওয়ার/সফ্‌টওয়ার বিষয়ে ০৬ মাসের প্রশিক্ষণ কোর্স থাকতে হবে ।<br>অথবা জিপিএ ২.৫০ সহ কম্পিউটার বিষয়ে ডিপ্লোমাধারীরা আবেদন করতে পারবেন।<br>**অভিজ্ঞতা:** কম্পিউটার সংক্রান্ত কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৭ | **লিফট মেকানিক**<br>(গ্রেড-১৮, জাতীয় বেতন কাঠামো ২০১৫)<br><br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম জিপিএ ৩.০০সহ এসএসসি (বিজ্ঞান) পাশ। লিফট সংক্রান্ত কাজে ০২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ৬ মাস মেয়াদী মেকানিক্যাল ট্রেড কোর্স সম্পন্ন করতে হবে। লিফট সংক্রান্ত কাজে ০১ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** ৫ (পাঁচ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিলযোগ্য। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৮ | **সহকারী মেকানিক (এসি)**<br>(গ্রেড-১৯, স্কেল: ৮,৫০০-২০,৫৭০)<br>পরিবহন পুল | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম জিপিএ ৩.০০সহ এসএসসি (বিজ্ঞান) পাশ। পরিবহনের এসি মেরামত সংক্রান্ত কাজে ০৪ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিল করা যেতে পারে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৯ | **সহকারী প্লাম্বার কাম পাম্প অপারেটর**<br>(গ্রেড-১৯, জাতীয় বেতন কাঠামো ২০১৫: ৮,৫০০-২০,৫৭০)<br>(পুনঃবিজ্ঞপ্তি) | ০১ | **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম জিপিএ ৩.০০সহ এসএসসি/সমমান পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে।<br>অথবা<br>কারিগরী শিক্ষা বোর্ড কিংবা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৬ মাস মেয়াদী ট্রেড কোর্স পাশ হতে হবে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা অবশ্যই থাকতে হবে। পাঁচ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা/বয়স শিথিলযোগ্য। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদের বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ১৪ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়) রেজিস্ট্রার বরাবর কর্মকর্তা ৯ম গ্রেড পদে আবেদনকারীদের ০৮ সেট এবং কর্মচারী (১৩ গ্রেড হতে ১৯ গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদের ০৬ সেট আবেদনপত্র A4 সাইজ খামে সরাসরি/ডাকযোগে জমা দিতে হবে। প্রতি সেট আবেদনপত্রের সঙ্গে (ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) একটি নিজস্ব সিভি সংযুক্ত করতে হবে । উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদের নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড- ৯ম গ্রেড পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা, ১৩ হতে ১৬ পদের জন্য ১০০.০০ (একশত) এবং ১৮ হতে গ্রেড ১৯ পদের জন্য ৫০.০০ (পঞ্চাশ) টাকা পে-অর্ডার/অনলাইনে জমা প্রদানপূর্বক মূল রশিদ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবির চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. কোন প্রার্থীর বয়স গণনার সর্বশেষ সীমা হিসেবে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনপত্র জমাদানের শেষ তারিখ বিবেচিত হবে।

৮. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

৯. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে বিদেশে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনের বাধ্যবাধকতা নেই।

১০. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।

১১. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১২. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৩. কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোন অংশের পরিবর্তন/পরিবর্ধন বা সম্পূর্ণ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা রাখে।

১৪. আবেদন বিবেচনা এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারি নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১৭. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৮. অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়স এর যেকোন একটি শর্ত শিথিলযোগ্য।

**মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
ফোন: ০২৩৩৪৪৯৬৫২২